

## **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৭৪]

২/ পানাহারের আদব-কায়দা (كتاب أدب الطعام)

পরিচ্ছেদঃ ১১৬: পান-পাত্রের বিবরণ (সব ধরনের পাক পাত্রে পান করা জায়েজ। সোনা রুপার পাত্র ছাড়া সকল প্রকার পাক পবিত্র পাত্রে পান করা বৈধ। কোন ধরনের পাত্র বা হাত না ব্যবহার করে সরাসরি মুখ দিয়ে নদী বা ঝর্না ইত্যাদি থেকে পান করা বৈধ, সোনা রুপার পাত্রে পানাহার, ওজু ও অন্যান্য সব ধরনের ব্যবহার হারাম)

(116) \_ باب جواز الشرب من جميع الأواني الطاهرة غير الذهب والفضة وجواز الكرع \_ وهو الشرب بالفم من النهر وغيره \_ بغير إناء ولا يد وتحريم استعمال إناء الذهب والفضة في الشرب والأكل والطهارة وسائر وجوه الاستعمال

## আরবী

وَعَن أَنَسٍ رضي الله عنه، قَالَ: حَضَرَت الصَّلاَةُ فَقَامَ مَن كَانَ قَريبَ الدَّارِ إِلَى أَهْلِهِ، وبَقِي قَوْمٌ، فَأْتِي رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم بِمَخْضَب مِنْ حِجَارَةٍ، فَصَغُرَ المَخْضَبُ أَنْ يَبْسُطَ فِيهِ كَفَّهُ، فَتَوَضَّاً القَوْمُ كُلُّهُمْ. قَالُوا: كَمْ كُنْتُمْ ؟ حِجَارَةٍ، فَصَغُرَ المَخْضَبُ أَنْ يَبْسُطَ فِيهِ كَفَّهُ، فَتَوَضَّاً القَوْمُ كُلُّهُمْ. قَالُوا: كَمْ كُنْتُمْ ؟ قَالُ: ثَمَانِينَ وَزِيَادَةً. متفق عَلَيْهِ، هذه رواية البخاري وفي رواية لَهُ ولمسلم: أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم دَعَا بإِنَاءٍ مِنْ مَاءٍ، فَأْتِي بِقَدَحٍ رَحْرَاحٍ فِيهِ شَيْءٌ مِنْ مَاءٍ، فَوَضَعَ أصابِعَهُ فِيهِ . قَالَ أنسٌ: فَجَعلْتُ أَنْظُرُ إِلَى المَاءِ يَنْبُغُ مِنْ أَصَابِعِهِ، فَحَزَرْتُ مَنْ تَوضَاً مَا بَيْنَ السَّبْعِينَ إلَى الثَّمَانِينَ .

## বাংলা

সোনা-রূপা ছাড়া সমস্ত পবিত্র পানপাত্রে পান করা জায়েয। আর বিনা পাত্রে ও হাত না লাগিয়ে সরাসরি নদী ইত্যাদির পানিতে মুখ লাগিয়ে পান করা বৈধ এবং পানাহার, ওযূ তথা সমস্ত কাজে সোনা-রূপার পাত্র ব্যবহার হারাম।

১/৭৭৮। আনাস রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, তিনি বলেন, 'একবার নামাযের সময় উপস্থিত হলে যাঁদের বাড়ি কাছে ছিল, তাঁরা (ওয়ু করার জন্য) বাড়ি গেলেন। আর কিছু লোক থেকে গেলেন (তাঁদের কোন ওয়ূর ব্যবস্থা ছিল



না)। সুতরাং আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে একটি পাথরের পাত্রে পানি আনা হল। পাত্রটি এত ছোট ছিল যে, তার মধ্যে তাঁর মুঠি খোলাও মুশকিল ছিল। তা থেকেই সমস্ত লোক ওযূ করলেন।' (আনাসকে উপস্থিত) লোকেরা জিজ্ঞাসা করল, 'আপনারা কতজন ছিলেন?' তিনি বললেন, 'আশিজনেরও বেশি।' (বুখারী-মুসলিম, এটি বুখারীর বর্ণনা)[1]

বুখারীর অন্য এক বর্ণনায় এবং মুসলিমের বর্ণনায় আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি পানির পাত্র চাইলেন। সুতরাং তাঁর জন্য প্রশস্ত একটি অগভীর পেয়ালা আনা হল, যাতে সামান্য পানি ছিল। তারপর তিনি স্বীয় আঙ্গুলগুলি ঐ পানিতে রাখলেন। আনাস রাদিয়াল্লাহু 'আনহু বললেন, 'আমি তাঁর আঙ্গুলসমুহের ফাঁক দিয়ে পানির ঝর্ণাধারা প্রবাহিত হতে দেখছিলাম। অনুমান করে দেখলাম, ওয়ুকারীদের সংখ্যা প্রায় সত্তর থেকে আশিজনের মাঝামাঝি ছিল।'

## **English**

(116) Chapter: Permissibility of Drinking Water from all Types of Clean Vessels Except Those of Gold and Silver

nas bin Malik (May Allah be pleased with him) reported:

Once the time for As-Salat (the prayer) approached. Those whose houses were near, went to their houses to perform Wudu' while some of the people remained with Messenger of Allah (\*\*). A stone (containing some water) bowl was brought for him. It was too small for him to spread his hand over it. He performed his Wudu' and it (the water) sufficed for all the others also. Anas was asked: "How many of you were present there?" He said: "Eighty or more."

[Al-Bukhari and Muslim].

Another narration in Muslim is: The Prophet (PBUH) called for a vessel containing water. A wide shallow vessel with a little water in it was brought for him. He put his fingers in it. Anas says: "I kept looking at the water pouring from between his fingers. I estimated that the number of people who made their Wudu' with it was from seventy to eighty."

Commentary: This Hadith mentions a miracle of Messenger of Allah (PBUH) and also provides for the use of a stoneware.

ফুটনোট



[1] সহীহুল বুখারী ১৬৯, ৩৫৭৪, মুসলিম ২২৭৯, তিরমিযীঃ ৩৬৩১, নাসায়ী ৭৬৭৮, আহমাদ ১১৯৩৯, ১১৯৯৩, ১২০০৪, ১২০৮৮, ১২২৮৩, ১২৩১৬, ১২৩৬৩, ১২৮৩২, ১২৮৫৪, ১৩১৮৩, ১৩৬৬৭, মুওয়াত্তা মালেক ৬৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন